

যুগান্তর

প্রিন্ট: ০২ মার্চ ২০২৫, ০১:৪৮ পিএম

শিক্ষাঙ্গন

যবিপ্রবিতে ৫ স্থাপনার নাম পরিবর্তন



যশোর ব্যুরো

প্রকাশ: ০১ মার্চ ২০২৫, ১০:৪২ পিএম



যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) পাঁচটি স্থাপনার নাম পরিবর্তন করা হয়েছে। এর মধ্যে ক্যাম্পাসে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাকাডেমি ভবন ও শেখ হাসিনা ছাত্রী হলসহ ওই পরিবারের চার সদস্যের নামের চারটি স্থাপনা রয়েছে।

শুক্ৰবার ৰাতে বিশ্ববিদ্যালয়ের সৰ্বোচ্চ নীতি নিৰ্ধাৰণী ফোৱাম ৱিজেন্ট বোৰ্ডেৰ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

শুক্ৰবার বিকাল সাড়ে ৪টায় উপাচাৰ্যেৰ সম্মেলন কক্ষে ৱিজেন্ট বোৰ্ডেৰ সভা শুরু হয়। এতে সভাপতিত্ব কৰেন উপাচাৰ্য অধ্যাপক আবদুল মজিদ।

সভায় বোৰ্ডেৰ ১৮ জন সদস্য উপস্থিত ছিলেন। ৰাত সাড়ে ৯টায় সভা শেষ হয়। সভায় পাঁচটি স্থাপনাৰ নাম পৰিবৰ্তন কৰে নতুন নামকৰণসহ এক গুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্ৰে জানা গেছে, ক্যাম্পাসে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুৰ ৱহমান অ্যাকাডেমিক ভবনেৰ নতুন নাম কবি নজৰুল অ্যাকাডেমিক ভবন, শেখ হাসিনা ছাত্ৰী হলেৰ নতুন নাম তাপসী ৱাবেয়া ছাত্ৰী হল, শেখ ৱাসেল জিমনেশিয়াম এখন বীৰশ্ৰেষ্ঠ হামিদুৰ ৱহমান জিমনেশিয়াম, ওয়াজেদ মিয়া উচ্চ শিক্ষা ও গবেষণা কেন্দ্ৰেৰ নাম পৰিবৰ্তন হয়ে ইনস্টিটিউট ফৰ হায়াৰ স্ট্যাটিজ অ্যান্ড ৱিসাৰ্চ এবং বিনাইদহে অবস্থিত বিশ্ববিদ্যালয়েৰ আওতাধীন ভেটেরিনাৰি কলেজেৰ ছাত্ৰ হলেৰ নতুন নামকৰণ হয়েছে কবি গোলাম মোস্তফা ছাত্ৰ হল।

বিশ্ববিদ্যালয় ৱিজেন্ট বোৰ্ডেৰ সদস্য ও কোষাধ্যক্ষ অধ্যাপক হোসেন আল মামুন জানান, খুবই স্বচ্ছ প্ৰক্ৰিয়াৰ মধ্য দিয়ে পাঁচটি স্থাপনাৰ নাম পৰিবৰ্তন কৰা হয়েছে। শিক্ষাৰ্থীদেৰ দাবিৰ পৰিপ্ৰেক্ষিতে এসব স্থাপনাৰ নাম পৰিবৰ্তনেৰ জন্যে নতুন নাম আহ্বান কৰা হয়। বিশ্ববিদ্যালয়েৰ শিক্ষাৰ্থী, শিক্ষক ও কৰ্মকৰ্তা-কৰ্মচাৰীদেৰ দেওয়া নাম ৱিজেন্ট বোৰ্ডেৰ সভায় যাচাই বাছাই কৰে নতুন নামকৰণেৰ সিদ্ধান্ত হয়।